# Times Today BD

তৌহিদুল ইসলাম | চট্টগ্রাম | 03 April, 2025

কক্সবাজারের টেকনাফে কোস্টগার্ড ও নৌবাহিনী যৌথ অভিযান চালিয়ে বিপুল পরিমান নগদ টাকা, স্বর্ণালংকার, ব্যাংকের চেক বই, দেশিয় তৈরী অস্ত্র ও গুলি উদ্ধার করা হয়েছে।

বৃহস্পতিবার ভোর রাতে টেকনাফ উপজেলার হ্নীলা ইউনিয়নের আলিখালী এলাকায় এ অভিযান চালানো হয় বলে জানান, কোস্টগার্ড সদর দপ্তরের গণমাধ্যম কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সিয়াম-উল-হক।

তবে অভিযানকালে দূর্বৃত্তরা পালিয়ে যাওয়ায় কাউকে আটক করা সম্ভব হয়নি বলে জানান তিনি।

সিয়াম-উল-হক বলেন, বৃহস্পতিবার ভোর রাতের টেকনাফে হ্নীলা ইউনিয়নের আলিখালী এলাকায় জনৈক চিহ্নিত ডাকাত হারুনের বাড়ীতে কতিপয় দূর্বৃত্ত সশস্ত্র অবস্থায় অবস্থান করছে খবরে কোস্টগার্ড ও নৌবাহিনীর একটি যৌথ দল অভিযান চালায়।এতে সন্দেহজনক বসত ঘরটি ফেললে আইন শৃংখলা বাহিনীর সদস্যদের উপস্থিতি টের পেয়ে ৩/৪ জন লোক কৌশলে পালিয়ে যায়।

“ পরে ডাকাত হারুনের বসত বাড়ী তল্লাশী করে নগদ ৩০ লক্ষাধিক টাকা, ১৭ ভরি স্বর্ণালংকার, ব্যাংকের ২ টি চেক বই, ১০ টি সিমকার্ড, ১৯ টি রোহিঙ্গাদের পরিচয়পত্র, দেশিয় তৈরী ১ টি বন্দুক, ৬ টি গুলি ও ৫ টি ধারালো দা পাওয়া যায়।“

কোস্টগার্ডের এ গণমাধ্যম কর্মকর্তা জানান, উদ্ধার করা স্বর্ণালংকার ও নগদ টাকা টেকনাফ কাস্টমস কার্যালয়ে এবং অস্ত্র ও গুলিসহ অন্যান্য সামগ্রী টেকনাফ থানায় হস্তান্তর করা হয়েছে বলে জানান, কোস্টগার্ডের গণমাধ্যম কর্মকর্তা।

ডাকাত যৌথ অভিযান কোস্টগার্ড

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 19:32

URL: https://timestodaybd.com/chittagong/261775807